

# যুগান্তর

২৪ JUN. ২০০৩ ...  
পৃষ্ঠা ২০০ কলাম ৭

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবিরের ৭২ ঘণ্টা ও ছাত্রফ্রন্টের লাগাতার ধর্মঘটের ডাক

চট্টগ্রাম ব্যুরো

বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রশিবিরের হাতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতাকর্মীরা প্রকৃত হওয়ার পর ছাত্রশিবির ওক্রেতার থেকে ৭২ ঘণ্টার জন্য অবরোধ এবং ছাত্রফ্রন্ট লাগাতার ছাত্র ধর্মঘট ডেকেছে। ছাত্রশিবিরের অবরোধের কারণে গতকাল সিডিকসেটের নির্ধারিত সূত্র অনুষ্ঠিত হয়নি। আগামী ১ জুলাই থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বর্ষাকালীন ছুটি উপলক্ষে এক মাসের জন্য বন্ধ হয়ে যাচ্ছে। তার আগেই অচলাবস্থা শুরু হওয়ার কারণে গতকাল থেকে আবাসিক হলের শিক্ষার্থীরা দলে দলে হল ত্যাগ করতে শুরু করেছে। আগামী রোববার ছাত্রশিবিরের অবরোধ শেষ হলেও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়নের সমন্বয়ে গঠিত প্রগতিশীল ছাত্রফ্রন্টের টানা ছাত্র ধর্মঘট অব্যাহত থাকবে বলে জানা গেছে। অন্যদিকে ছাত্রলীগও ৩০ জন ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট ডেকেছে।

চবি ছাত্রশিবিরের সভাপতি সিদারুল আলম মক্কেমের যুগান্তরকে জানান, বৃহস্পতিবার ছাত্রফ্রন্টের ওপর হামলার সঙ্গে শিবির কিছুতেই জড়িত নয়। তাদের জড়িত করা হলে তা হবে রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রসারিত। প্রকৃতপক্ষে শাটল ট্রেনে

ছাত্রলীগের হাতে নিজেদের কর্মী প্রকৃত হওয়ার প্রতিবাদে শিবির ধর্মঘট ডেকেছে। অন্যদিকে চবি ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক দেব প্রসাদ দেবু বলেছেন, বেতন-ফি-বৃত্তির প্রতিবাদে প্রগতিশীল ছাত্র ফ্রন্ট। যে আন্দোলন করছে তা নস্যাক করার জন্য প্রশাসনের অনুরোধে শিবির এ হামলা চালিয়ে। ছাত্রফ্রন্ট হামলার প্রতিবাদে ক্যাম্পাসে লাগাতার ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। গণতান্ত্রিক বিপ্লবী জোট সমন্বিত বাংলাদেশ ফেডারেশন বৃহস্পতিবার ক্যাম্পাসে ছাত্রফ্রন্টের কর্মীদের ওপর হামলার প্রতিবাদ জানিয়েছে।